

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 14-12-2025
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Governor :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগ্নু রক্তদানের ক্ষেত্রে ত্রিপুরাকে আদর্শ রাজ্য তৈরি করার জন্য সকলের প্রতি আহ্বান জানান। গতকাল আগরতলার নজরুল কলাক্ষেত্রে ইমারজেন্সি ব্লাড সার্ভিস এন্ড রে অফ লাইফের উদ্যোগে আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন রক্তের কোন জাত পাত ধর্ম নেই। রক্ত দিলে শরীরের কোন ক্ষতি হয় না। এই সম্পর্কে জনগণকে আরো বেশি সচেতন করতে হবে। নেগেটিভ রক্ত দাতার তালিকা তৈরি করে সংরক্ষিত রাখার জন্য তিনি সংস্থার প্রতি আহ্বান জানান।

National Lok Adalat Final :

জাতীয় লোক আদালতে রাজ্যে একদিনে নিষ্পত্তি হয়েছে ২১ হাজার ৯৮০ টি মামলা। গতকাল লোক আদালতে ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব আদালতে ৬১ টি বেঞ্চ বসে। এই আদালতে ৩৫ হাজার ৮৭৫ টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব যুমা দত্ত চৌধুরী জানান, রাজ্যের আদালতগুলিতে জমে থাকা ২৯ হাজার ৩৯৩ টি মামলার মধ্যে ২১ হাজার ২৬০ টি মামলা নিষ্পত্তি হয়েছে। এছাড়া মামলা পূর্ববর্তি বিরোধ সংক্রান্ত ৭২০ টি বিষয় নিষ্পত্তি হয়েছে।

SARAS Mela-CM :

হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গণে গতকাল ২০তম আঞ্চলিক সরস মেলার উদ্বোধন হয়েছে। গ্রামোন্নয়ন দপ্তরের ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে এই আঞ্চলিক সরস মেলার আয়োজন করা হয়েছে। এই মেলা আগামী ২৬ ডিসেম্বর পর্যন্ত চলবে। এবারের সরস মেলার ভাবনা হলো "দিদিদের স্বনির্ভরতার পথে, স্বদেশী পণ্যের সাথে"। মেলার উদ্বোধন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, আঞ্চলিক সরস মেলার আয়োজন শুধুমাত্র স্বসহায়ক দলের উৎপাদিত পণ্য সামগ্রী প্রদর্শনের একটি মঞ্চ নয়। এই মঞ্চ রাজ্যের নারীদের অর্থনৈতিক উন্নয়নের পথ খুলে দেওয়ার পাশাপাশি মহিলাদের প্রতি সামাজিক দৃষ্টিভঙ্গিতেও পরিবর্তন এনেছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্বসহায়ক গোষ্ঠীর সাফল্য সম্বলিত একটি পুস্তিকার আবরণ উন্মোচন করেন। এবছর আঞ্চলিক সরস মেলায় ৪১১টি স্টল খোলা হয়েছে। এর মধ্যে স্বসহায়ক দলের স্টলের সংখ্যা ৩৭২। বহিঃরাজ্যের স্টল রয়েছে ১০টি এবং ২৮টি স্টল রয়েছে বিভিন্ন দপ্তরের।

Governor- Army:

ভারতীয় সেনাবাহিনীর ৭৩ মাউন্টেন ব্যাটেলিয়ানের কমান্ডার ব্রিগেডিয়ার ধীরাজ সিং গতকাল আগরতলায় লোকভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। ব্রিগেডিয়ার শ্রী সিং আকাশবাণীকে জানান, এটা সৌজন্যমূলক সাক্ষাৎকার ছিল এবং রাজ্যপালের সঙ্গে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে।

Agartala Press Club :

আগরতলা প্রেস ক্লাবের বার্ষিক পুরস্কার বিতরণী ও অমিয় দেবরায় স্মৃতি পুরস্কার এবং হিরণ্ময় চক্রবর্তী স্মৃতি পুরস্কার প্রদান অনুষ্ঠান আজ প্রেস ক্লাবে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়। অনুষ্ঠানে আগরতলা প্রেস ক্লাব আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদেরও পুরস্কৃত করা হবে।

Handicraft Exports :

কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং বলেছেন যে হস্তশিল্প শিল্প থেকে প্রায় ৫০ হাজার কোটি টাকার পণ্য রপ্তানি হয় এবং শীঘ্রই এটি ১ লক্ষ কোটি টাকা বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে। শ্রী সিং নতুনদিল্লিতে গতকাল ক্রাফটেড ফর দ্য ফিউচার ইভেন্টের তৃতীয় পর্বের উদ্বোধন করে একথা বলেন। তিনি বলেন যে সরকার বিশ্বজুড়ে হস্তশিল্প পণ্য রপ্তানির জন্য হাব এবং স্কোপ মডেলের অধীনে ১০০ জন কারিগরের সঙ্গে অংশীদারিত্ব করেছে।

অনুষ্ঠানে জাতিসংঘের আবাসিক সমন্বয়কারীর কার্যালয়ের চিফ অফ স্টাফ, রাধিকা কোল বাত্রা, অনুষ্ঠানে প্রদর্শিত কারিগরদের ব্যতিক্রমী প্রতিভার কথা তুলে ধরেন। তিনি বলেন যে ইউনেস্কো বিশ্বব্যাপী ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরার জন্য নিরন্তর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

National Energy Conservation Day:

শক্তি সংরক্ষণ দিবস উপলক্ষে ত্রিপুরায় বৈদ্যুতিক যান বা ইলেকট্রিক্যাল ভেহিকেল ব্যবস্থার ভবিষ্যৎ প্রস্তুতি নিয়ে এক সেমিনার অনুষ্ঠিত হয়। দ্য ইনস্টিটিউশন অব ইঞ্জিনিয়ার্স (ইন্ডিয়া), ত্রিপুরা স্টেট সেন্টারের উদ্যোগে এবং ত্রিপুরা স্টেট ইলেকট্রিসিটি কর্পোরেশন লিমিটেড (টিএসইসিএল)-এর

সহযোগিতায় "ইভি চার্জিং ডিসকম পার পার্সপেক্টিভ" শীর্ষক এই সেমিনারে সভাপতিত্ব করেন ইনস্টিটিউশন অফ ইঞ্জিনিয়ার্স ইন্ডিয়া ত্রিপুরা স্টেট সেন্টারের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার পরমানন্দ সরকার ব্যানার্জি। স্বাগত ভাষণে তিনি বলেন, ভারতের ইভি ইকোসিস্টেম দ্রুত পরিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে এবং এই পরিবর্তনের কেন্দ্রে রয়েছে বৈদ্যুতিক ব্যবস্থা ও বিদ্যুৎ বণ্টন সংস্থাগুলির ভূমিকা। ই-মোবিলিটি শুধু পরিবহন ব্যবস্থার সংস্কার নয়, বরং গ্রিডের স্থিতিশীলতা বাড়ানো, স্মার্ট প্রযুক্তি গ্রহণ এবং টেকসই শক্তি ব্যবস্থাকে শক্তিশালী করার এক বড় সুযোগ।

Orshia's bronze :

৫১তম জাতীয় সিনিয়র মহিলা দাবা প্রতিযোগিতায় ব্রোঞ্জ পদক পেলো রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস। পশ্চিমবঙ্গের দুর্গাপুরে গতকাল অনুষ্ঠিত আসরে ১১ রাউন্ডের লড়াইয়ে অর্শিয়া ৮ পয়েন্ট সংগ্রহ করে তৃতীয় স্থান দখল করে। ফলে বিশ্বকাপ, এশিয়া কাপ ও কমনওয়েলথ দাবার আসরে খেলায় যোগ্যতা লাভ করে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে দিকে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ ডিগ্রি সেলসিয়াস।
